মেহেরপুর আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর বৃক্ষরোপণ অভিযান সম্পন্ন

আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী মেহেরপুর জেলা কার্যালয়ে বৃক্ষরোপণ অভিযান কর্মসূচি পালিত হয়েছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা কর্তৃক জাতীয় বৃক্ষরোপণ অভিযান ও বৃক্ষমেলা ২০২৪ উদ্বোধনের পর আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী সদর দপ্তর দেশব্যাপী তার প্রত্যেকটি ইউনিটে বৃক্ষরোপণ অভিযান ২০২৪ কর্মসূচি হাতে নেয়। তারই ধারাবাহিকতায় মেহেরপুর জেলা কার্যালয় ফলজ, বনজ ও ভেষজ জাতের প্রায় এক হাজার গাছের চারা তিন উপজেলার আনসার ও ভিডিপি সদস্যদের মাঝে বিতরণ করা হয়।

জেলা কমান্ড্যান্ট প্রদীপ চন্দ্র দত্ত উপস্থিত থেকে সদস্যদের মাঝে এ সকল গাছের চারা বিতরণ করেন। তিনি বলেন, “বিশ্বকে বসবাসযোগ্য রাখতে, বাংলাদেশকে সবুজায়নে ভরে দিতে, দূষণমুক্ত পরিবেশ নিশ্চিত করতে বৃক্ষরোপণের বিকল্প নেই। সরকারের নির্দেশে আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী সারাদেশব্যাপী পঞ্চাশ হাজার গাছের চারা রোপণের পরিকল্পনা হাতে নিয়েছে। তার অংশ হিসেবে আজ মেহেরপুর আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী কার্যালয় তা পালন করছে।”

তিনি এ সকল গাছের চারা রোপণ করে যত্ন ও পরিচর্যা করতে বলেন। নিজ নিজ অফিস প্রাঙ্গণ, আনসার-ভিডিপির নিজস্ব ক্লাব সমিতির জায়গা, বৃক্ষরোপণের উপযোগী পতিত জায়গা বা খাস জমি বা নিজ নিজ বাড়ির আঙ্গিনায় গাছের চারা রোপণের পরামর্শ দেন।

এ সময় উপস্থিত ছিলেন সার্কেল অ্যাডজুট্যান্ট মোঃ আল-মামুন, সদর উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা (ভারপ্রাপ্ত) ফেরদৌসী বানু, গাংনী উপজেলা প্রশিক্ষক মোঃ মোস্তাফিজুর রহমান, মুজিবনগর উপজেলা প্রশিক্ষক মোঃ মানিক মিয়া, সদর উপজেলা আনসার কোম্পানি কমান্ডার মোঃ শাহজাহান, ৪নং আমদহ ইউনিয়ন দলনেতা আরিফ হাসান রাজু, ৫নং শ্যামপুর ইউনিয়ন দলনেত্রী সীমা খাতুন শিখা, মেহেরপুর পৌরসভার ৫নং ওয়ার্ড দলনেতা সবুজ আলী ও ৮নং ওয়ার্ড দলনেত্রী তাসলিমা খাতুন প্রমুখ।

চুয়াডাঙ্গায় আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী অস্ত্রসহ প্রশিক্ষনার্থীদের পাঠদান

বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী অস্ত্রসহ ভিডিপি মৌলিক প্রশিক্ষণে (পুরুষ) অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীদের পাঠদান করানো হয়েছে।

বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী চুয়াডাঙ্গা কর্তৃক আয়োজিত জেলা আনসার ভিডিপি কার্যালয়ে সকাল সাড়ে এগারোটার সময় ৫ম ধাপ অস্ত্রসহ ভিডিপি মৌলিক প্রশিক্ষণে (পুরুষ) অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীদের ব্যক্তিগত নিরাপত্তা, কমিউনিটি নিরাপত্তা, ইভটিজিং বা যৌন হয়রানি, খুন, ধর্ষণ, সন্ত্রাস ও জঙ্গিবাদ দমন, সাইবার ক্রাইম ও আইনশৃঙ্খলা রক্ষা এবং নিরাপত্তা বিধানে আনসার ও ভিডিপির ভূমিকা ও করণীয় সম্পর্কে পাঠদানে বিশদ আলোচনা করেন চুয়াডাঙ্গা অতিরিক্ত পুলিশ সুপার(প্রশাসন ও অর্থ) মোঃ রিয়াজুল ইসলাম।

উক্ত আয়োজনে আরোও উপস্থিত ছিলেন বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর চুয়াডাঙ্গা জেলা কমান্ডার সঞ্জয় চৌধুরী সহ প্রশিক্ষণে অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীরা।

মেহেরপুরে আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর জেলা

সমাবেশ অনুষ্ঠিত

মেহেরপুর জেলা আনসার ও গ্রাম প্রতিরক্ষা পুলিশ বাহিনীর সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। আজ সোমবার বেলা সাড়ে ১১ টার দিকে জেলা শিল্পকলা একাডেমীতে এ আনসার সমাবেশ অনুষ্ঠিত হয়।

জেলা প্রশাসক শামীম হাসানের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী ও মেহেরপুর জেলা আওয়ামীলীগের সভাপতি ফরহাদ হোসেন এমপি।

প্রধান আলোচক ছিলেন খুলনা রেঞ্জের আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর উপ মহাপরিচালক শাহ আহমদ ফজলে রাব্বী (বিএএম)।

বিশেষ অতিথি ছিলেন জেলা পরিষদের চেয়ারম্যান মুহাঃ আব্দুস সালাম, জেলা জজ কোর্টের পিপি পল্লব ভট্টাচার্য, অতিরিক্ত পুলিশ সুপার (সার্কেল) আব্দুল করিম।

অনুষ্ঠানের সার্বিক ব্যবস্থাপনায় ছিলেন জেলা আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর কমান্ড্যান্ট প্রদীপ চন্দ্র দত্ত।
মুজিবনগর উপজেলা আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর প্রশিক্ষক মানিক মিয়ার সঞ্চালনায় অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ১৭ ই এপ্রিল মুজিবনগরে অস্থায়ী সরকার গঠনের সময় ১২ জন আনসার সদস্যদের মধ্যে জীবিত ২ জন বীর মুক্তিযোদ্ধা আনসার সদস্য।

এর আগে জেলা সমাবেশের কেক কাটা ও শান্তির প্রতীক কবুতর উড়িয়ে অনুষ্ঠানের উদ্বোধন করেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ এমপি।